


আজিমপুর সরকারী কলোনী





সরকারী স্টাফ কোয়ার্টার, মীরপুর



UNIT AREA COST VS YEAR

PUBLIC WORKS DEPARTMENT





ইতিমধ্যে উন্নয়নের জন্য আহ্বান

বিশ্ব বসতি দিবস '৯২
উপলক্ষে
স্মরণিকা
৫ অক্টোবর ১৯৯২ সোমবার

গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, ঢাকা

“পৃথিবীকে ঢেকে আছে
দিগন্ত বিস্তৃত এক চমৎকার নীল আকাশ।

আমাকেও ঢেকে রাখো
আদরের জলে স্নাত পৃথিবীর মত,
অন্ততঃ ছোট্ট এক টুকরো তালপাতা
অথবা ছনের-ঘাসের ছাদে
রোদ-বৃষ্টির মাতাল আঘাত থেকে
একটু বাঁচতে দাও আমাকে”

বিশ্ব বসতি দিবস '৯২
উপলক্ষে
স্মরণিকা
৫ অক্টোবর ১৯৯২, সোমবার

প্রকাশনায় :
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা

ব্যবহৃত লেখচিত্রসমূহ পি ডব্লিউ ডি
কম্পিউটার সেন্টারের সৌজন্যে

মুদ্রণে
জাহান প্রিন্টিং এন্ড কালার প্রসেস লিঃ
২১ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোন : ২৩১৯২৪, ২৩২১৯২

বাণী

মানুষের মৌলিক চাহিদার মধ্যে আশ্রয় তথা বাসস্থান অন্যতম। কিন্তু সম্পদের সীমাবদ্ধতার কারণে ব্যক্তিগত এবং জাতীয় উভয় পর্যায়েই প্রয়োজনীয় বাসস্থানের সংস্থান আমাদের দেশে এ পর্যন্ত হয়ে উঠেনি। তবুও প্রচেষ্টা থেমে নেই। সেই লক্ষ্যে প্রতি বছরের মত এবারও বিশ্বব্যাপি পালিত হচ্ছে বিশ্ব বসতি দিবস '৯২। এবারের বিশ্ব বসতি দিবস উপলক্ষে পূর্ত মন্ত্রণালয় আয়োজিত কর্মসূচীতে পি ডব্লিউ ডি সক্রিয়ভাবে অংশ গ্রহণ করেছে। এই কর্মসূচীর মধ্যে একটি প্রদর্শনী ষ্টল ও স্মরণিকা প্রকাশের আয়োজন করা হয়েছে জেনে আমি আনন্দিত। এবারের বিশ্ব বসতি দিবসের মূল শ্লোগান হলো-স্থিতিশীল উন্নয়নের জন্য আবাসন। আমাদের মত উন্নয়নশীল দেশের জন্যে এই শ্লোগান তাৎপর্যবহু এবং সময়পযোগী। আমি তাই বিশ্ব বসতি দিবস '৯২ এর সার্বিক সাফল্য কামনা করছি। সেই সাথে এই আয়োজনের সাথে যারা জড়িত তাদের সবাইকে আমার আন্তরিক অভিনন্দন এবং শুভেচ্ছা জানাচ্ছি।

মোঃ এমদাদুল হক
প্রধান প্রকৌশলী,
গণপূর্ত অধিদপ্তর,
পূর্ত ভবন, ঢাকা

পি ডব্লিউ ডি : সংক্ষিপ্ত পরিচিতি

বৃটিশ ভারতে ১৮৪৯ সালে পি ডব্লিউ ডি'র প্রতিষ্ঠা। ইংরেজরা প্রশাসন প্রতিষ্ঠা, কর আদায় এবং অত্যাৱশ্যকীয় কিছু সরকারী সংস্থা প্রতিষ্ঠার পাশা পাশি অফিস-আদালত, বাসস্থান-বাংলো, রাস্তা-ঘাট, ব্রীজ-কালভার্ট, পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন, সেচ-বন্যা নিরোধ, সেনা-পূর্ত ইত্যাদি কাজের জন্যে গড়ে তোলে -পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট, সংক্ষেপে পি ডব্লিউ ডি। উপমহাদেশের ব্যাপক পরিমন্ডলে জন্ম লগ্ন থেকেই সফলতার সাথে নির্মাণের জটিল কর্ম সম্পন্ন করে, পি ডব্লিউ ডি স্বীকৃত হয়েছে একটি ঐতিহ্যবাহী প্রকৌশল প্রতিষ্ঠান হিসেবে।

দেশ বিভাগের পর পাকিস্তান প্রশাসনের অধীনে কেন্দ্রীয় সরকারের পূর্ত কাজের দায়িত্ব পালন করে "সেন্ট্রাল পি ডব্লিউ ডি", অপর দিকে প্রাদেশিক সরকারের পূর্ত কাজের দায়িত্ব সামগ্রীকভাবে ন্যস্ত হয় "সি এন্ড বি পরিদপ্তর"-এর ওপরে। অবশেষে ১৯৭৭ সালে স্বাধীনতা উত্তর বাংলাদেশে সময় ও যুগের চাহিদার কারণে সেন্ট্রাল পি ডব্লিউ ডি এবং ইমারত পরিদপ্তর একিভূত হয়ে সরকারী পূর্ত কাজের জন্যে পি ডব্লিউ ডি নামে নবরূপে সংগঠিত করা হয়। পাশা পাশি স্থাপত্য নক্সা প্রণয়নের কাজে নিয়োজিত স্থাপত্য পরিদপ্তরকে একটি পূর্ণাঙ্গ অধিদপ্তর হিসেবে রূপান্তরিত করা হয়।


ইতোমধ্যে অফিস-আদালত, রাস্তা-ঘাট ইত্যাদি অবকাঠামো নির্মাণের পাশাপাশি মানুষের অন্যতম মৌলিক আশ্রয়ের সংস্থানে পি ডব্লিউ ডি জাতীয় ভাবে ব্যাপক অবদান রেখেছে। সরকারী কর্মসূচীর আওতায় সীমাবদ্ধ সম্পদের মধ্যে থেকেও পি ডব্লিউ ডি থানা পর্যায় পর্যন্ত সরকারী কর্মচারীদের জন্যে প্রায় পঁচিশ হাজার বাসস্থান নির্মাণ করেছে। পাশা পাশি উপকূলীয় ঘূর্ণী উপদ্রুত অঞ্চলে নির্মাণ করেছে ২৩৮ টি ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র এবং ২৬০টি নিউ ক্রিয়াসহাউস।

১ জন প্রধান প্রকৌশলী, ৮ জন অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ৩২ জন তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ১২৫ জন নির্বাহী প্রকৌশলী, ২৫৫ জন উপ-বিভাগীয় প্রকৌশলী, ১৬৮ জন সহকারী প্রকৌশলী ১১৬১ জন উপ-সহকারী প্রকৌশলীসহ প্রায় ২৫হাজার দক্ষ কারিগরী এবং অকারিগরী কর্মী বাহিনী সারা দেশে একটি সুশৃঙ্খল সাংগঠনিক নেট ওয়ার্কের আওতায় পি ডব্লিউ ডি'তে নিয়োজিত রয়েছে। পাশাপাশি পি ডব্লিউ ডি'র নির্মাণাধীন কাজের স্থাপত্য নক্সা প্রণয়নের দায়িত্ব পালন করছে সরকারের স্থাপত্য অধিদপ্তর।

স্বাধীনতা-পূর্ব এবং স্বাধীনতা-উত্তর বাংলাদেশে ইতোমধ্যে পি ডব্লিউ ডি নির্মাণ করেছে অসংখ্য জাতীয় গুরুত্বপূর্ণ ভবন এবং স্মৃতি সৌধ, যার মধ্যে উল্লেখযোগ্য প্রকণ সমূহ জাতীয় সংসদ ভবন সহ শেরে বাংলা নগর কমপ্লেক্স, কেন্দ্রীয় শহীদ মিনার, সাতারে জাতীয় স্মৃতি সৌধ, মুজিব নগরের স্মৃতি সৌধ, ওসমানী মেমোরিয়াল হল, আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, জেলা ও উপজেলা সদর, পি জি হাসপাতাল, মেডিকেল কলেজ, সোহরাওয়ার্দী হাসপাতাল, সদর হাসপাতাল, পুলিশ লাইন, সেনা নিবাস, সীমান্ত ফাঁড়ি ইত্যাদি।

অতীত এবং বর্তমানের বিশ্লেষণে পি ডব্লিউ ডি সরকারী সকল নির্মাণ কাজের জন্যে একমাত্র নির্মাণ সংস্থা হিসেবে চিহ্নিত। এ প্রতিষ্ঠানের দক্ষতা, অবিজ্ঞতা এবং দেশব্যাপী বিস্তৃত সাংগঠনিক কাঠামো আমাদের জাতীয় চাহিদা অনুযায়ী পরিবেশ উপযোগী বাসস্থানসহ যে কোন নির্মাণ কাজ সম্পাদনের দায়িত্ব প্রতিপালনে সক্ষম।

**CLIENT MINISTRIES OF
PUBLIC WORKS DEPARTMENT**



**জাতীয় বেতন স্কেল অনুযায়ী সরকারী
কর্মকর্তা—কর্মচারীদের অফিস
ও বাসস্থানের প্রাপ্যতা**

জাতীয় বেতন স্কেল (টাকা)	বাসস্থান (বর্গফুট)	অফিস (বর্গফুট)	মন্তব্য
১০,০০০/= (ফিল্ড)	১৮০০	৩২৫	অফিসে সংযুক্ত প্রফালন
৮,৬০০/= হইতে ৯,৫০০/=	১৮০০	৩২৫	
৭,৮০০/= হইতে ৯,০০০/=	১৫০০	২২৫	
৭,১০০/= হইতে ৮,৭০০/=	১৫০০	১৬০	অফিস কক্ষ পৃথক প্রফালন অভিন্ন (Shared)
৬,৩০০/= হইতে ৮,০৫০/=	১২৫০	১০০	
৪,৮০০/= হইতে ৭,২৫০/=	১২৫০	১০০	পৃথক অফিস কক্ষ-- প্রয়োজনবোধে তত্ত্বাবধায়নের সুবিধার্থে অভিন্ন বৃহত্তর কক্ষ
৪,১০০/= হইতে ৬,৫০০/=	১০০০	১০০	
৩,২০০= হইতে ৫,৪৪০/=	১০০০	১০০	
২,৮৫০/= হইতে ৫,১৫৫=	১০০০	১০০	
২,৩০০= হইতে ৪,৪৮০/=	১০০০	১০০	
১,৭২৫= হইতে ৩,৭২৫/=	৮০০	৬০	
১,৫৫০/= হইতে ৩,৪০৫/=	৮০০	৬০	
১,৪৭৫/= হইতে ৩,১৫০/=	৮০০	৬০	
১,৩৭৫/= হইতে ২,৮৭০/=	৬০০	৬০	
১,৩০০/= হইতে ২,৬১৫/-	৬০০	৬০	
১,২০০/= হইতে ২,৩৩৫/=	৬০০	৬০	
১,১২৫/= হইতে ২,১৭০/=	৬০০	৬০	
১,০৫০/= হইতে ১,৯১৫/=	৬০০	৬০	
৯৭৫/- হইতে ১,৭৫০/=	৫০০	৬০	
৯০০/= হইতে ১,৫৩০/=	৫০০	৬০	

* ডর্মিটরী : জনপ্রতি ১৮০ বর্গফুট


বিশ্বের পঁচিশটি উচ্চতম ভবন

ভবন	শহর	নির্মাণ সম্পন্ন	তল সংখ্যা	উচ্চতা	
				মিটার	ফুট
সিয়ার্স টাওয়ার	শিকাগো	১৯৭৪	১১০	৪৪৩	১৪৫৪
ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (দক্ষিণ)	নিউইয়র্ক	১৯৭৩	১১০	৪১২	১৩৫০
ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (উত্তর)	নিউইয়র্ক	১৯৭২	১১০	৪১২	১৩৫০
এম্পায়ার স্টেট	নিউইয়র্ক	১৯৩১	১০২	৩৮১	১২৫০
ষ্ট্যান্ডার্ড ওয়েল (ইন্ডিয়ানা)	শিকাগো	১৯৭৩	৮০	৩৪৬	১১৩৬
জন হ্যালকক	শিকাগো	১৯৬৮	১০০	৩৪৪	১১২৭
ক্রাইসলার	নিউইয়র্ক	১৯৩০	৭৭	৩১৯	১০৪৬
টেক্সাস কমার্স প্রাজা	হিউস্টন	১৯৮১	৭৫	৩০৫	১০০২
এলাইড ব্যাংক প্রাজা	হিউস্টন	১৯৮৩	৭১	২৯৬	৯৭০
এমোরিকান ইন্টারন্যাশনাল	নিউইয়র্ক	১৯৩১	৬৬	২৯০	৯৫০
কলারিয়া সেন্টার	সিয়টল	১৯৮৩	৭৬	২৮৭	৯৪০
ফাষ্ট ব্যাংক টাওয়ার	টরোন্টো	১৯৭৫	৭২	২৮৫	৯৩৫
৪০ ওয়াল টাওয়ার	নিউইয়র্ক	১৯৬৬	৭১	২৮৩	৯২৭
ডালাস মেইন সেন্টার	ডালাস	১৯৮৫	৭০	২৮১	৯২১
টালকো টাওয়ার-২	হিউস্টন	১৯৮৩	৬৪	২৭৫	৯০১
ওয়ার্ল্ড টাওয়ার প্যালেস	শিকাগো	১৯৭৬	৭৪	২৬২	৮৫৯
ইউনাইটেড ক্যালিফোর্নিয়া ব্যাংক	সস এঞ্জেলেস	১৯৭৪	৬২	২৬১	৮৫৬
ট্র্যাপ-আমেরিকা	সানফ্রান্সিস্কো	১৯৭২	৪৮	২৬০	৮৫৩
আর-সি-এ রকফেলার সেন্টার	নিউইয়র্ক	১৯৩৩	৭০	২৫৯	৮৫০
ফাষ্ট ন্যাশনাল ব্যাংক	শিকাগো	১৯৬৮	৬০	২৫৯	৮৫০
ইউ, এস স্টীল	পিটসবার্গ	১৯৭০	৬৪	২৫৬	৮৪১
ওয়ান চেঞ্জ ম্যানহাটান	নিউইয়র্ক	১৯৬১	৬০	২৪৮	৮১৩
প্যান-এমোরিকান	নিউইয়র্ক	১৯৬৩	৫৯	২৪৬	৮০৮
উলওয়ার্থ	নিউইয়র্ক	১৯১৩	৫৭	২৪২	৭৯২
জন হ্যালকক টাওয়ার	বোস্টন	১৯৭৩	৬০	২৪১	৭৯০


বাংলাদেশের পনেরটি উচ্চতম ভবন

ভবন	শহর	নির্মম সম্পন্ন	তল সংখ্যা	উচ্চতা	
				মিটার	ফুট
সেনা কল্যাণ ভবন	ঢাকা	১৯৯০	২১ ২টি বেজমেন্ট		
বি, সি, আই, সি, ভবন	ঢাকা	১৯৮৬	২১ ১টি বেজমেন্টসহ		
উত্তরা ব্যাংক হেড অফিস ভবন	ঢাকা	১৯৮৯	১৯ ১টি বেজমেন্টসহ		
সেঞ্চুরী টাওয়ার	ঢাকা	১৯৯১	১৭		
পূবালী ব্যাংক হেড অফিস	ঢাকা	১৯৮২	১৫ ১টি বেজমেন্টসহ		
বাংলাদেশ শিল্প ব্যাংক ভবন	ঢাকা	১৯৮৩	২৩		
জীবন বীমা কর্পোরেশন টাওয়ার	ঢাকা	১৯৮৭	২১		
জনতা ব্যাংক হেড অফিস	ঢাকা	১৯৮৭	২৪		
জাতীয় স্মৃতি সৌধ	সভার	১৯৮২	-	৪৫.৭৫	১৫০
ওয়ালসো টাওয়ার	ঢাকা	১৯৯০	১৮		
কনফিডেন্স টাওয়ার	ঢাকা	১৯৯১	১৬		
বাংলাদেশ ব্যাংক বিল্ডিং (সেকেন্ড এ্যান্ডেন্স)	ঢাকা	১৯৯২	৩০		
সচিবালয় ভবন নং-৬	ঢাকা	১৯৯০	২১		
মৎস ভবন	ঢাকা	১৯৮৭	১২		
ইস্কাটন প্লাজা	ঢাকা	১৯৯০	১৫		


লেখচিত্রের মাধ্যমে চার তলার ভিত্তি বিশিষ্ট ইটের তৈরী দালানের
সেনিটারী ও বৈদ্যুতিক ব্যয় সহ নির্মাণ খরচের ক্রমবৃদ্ধি (১৯৭৫-১৯৯২)
(পি, ডব্লিউ, ডি সিভিউল অফ রেটস অনুযায়ী)




PLANTH AREA RATE (FIRST FLOOR)
PUBLIC WORKS DEPARTMENT



PLINTH AREA RATE (SECOND FLOOR)
PUBLIC WORKS DEPARTMENT



PLINTH AREA RATE (THIRD FLOOR)
PUBLIC WORKS DEPARTMENT



PLINTH AREA RATE

BASED ON P.W.D. SCHEDULE OF RATES

EFFECTIVE FROM 1ST JULY, 1992

A. FOUR STORIED BRICK MASONARY BUILDING WITH FOUR STORIED FOUNDATION AND NORMAL FINISHING :

- i) Foundation upto plinth level Tk. 200 per sft.
- ii) Super structure with internal sanitary, water supply and electricity
 - a) Ground Floor Tk. 468 Per sft
 - b) 1st Floor Tk. 494 " "
 - c) 2nd Floor Tk. 540 " "
 - d) 3rd Floor Tk. 585 " "
- iii) Lime terracing and parapet Tk. 40 " "

B. ADDITIONAL COST FOR R.C.C. FRAME STRUCTURE :

- i) Add 35% for foundation
- ii) Add 40% for super structure


C. ADDITIONAL COST FOR SPECIAL FINISHING :

- i) Mosaic work in all rooms : add Tk. 71 " "
- ii) Mosaic work in all rooms, Teak wood door-window with Sal wood frame distemper, snowcem, plastic paint glazed tiles in bathrooms :
add Tk. 141 " "
- iii) Same as ii) with aluminium door and window : add Tk. 186 " "


Notes :

- * Cost for external sanitary, water supply, electricity is to be added.
- * 15% of the cost should be reduced if construction is supervised by the owner.

TERMS APPLIED TO BRICK POSITION



NAMES OF CUT BRICKS




বাসগৃহ নির্মাণ ও রক্ষণাবেক্ষণের সাধারণ বিবেচ্য বিষয়


- যে কোন নির্মাণ কাজে ব্যয় সাশ্রয়, স্থায়ীত্ব এবং গুণগতমান রক্ষার জন্য বিশেষজ্ঞের পরামর্শ গ্রহণ সমীচীন
- মৃত্তিকা অনুসন্ধান ছাড়া ভরাট মাটিতে ইমারত নির্মাণ বিপজ্জনক
- ভবিষ্যতে নিকটস্থ রাস্তা কতটুকু উঁচু হতে পারে তা বিবেচনা করে ভূমিতল নির্ধারণ করা উচিত।
- বাড়ীর ভূমিতল (ফরমেশন গ্রাউন্ড লেভেল) নিকটস্থ রাস্তা হতে কমপক্ষে একফুট উঁচু হওয়া বাঞ্ছনীয়
- বাড়ী নির্মাণ কালে ইট কমপক্ষে চব্বিশ ঘন্টা ভিজিয়ে ব্যবহার করা উচিত
- বাংলাদেশের জলবায়ুর কারণে ঘরের বাহিরের দেয়াল কমপক্ষে দশ ইঞ্চি হওয়া উচিত
- ভবনের সাথে বড় বড় গাছ পালা থাকা ক্ষতিকর
- কংক্রীটের ছাদ, বিম, কলাম ইত্যাদি বিশেষজ্ঞের পরামর্শ ছাড়া ভাঙ্গা ভাঙ্গি করা উচিত নয়।
- বিভিন্ন সাইজের খোয়ার আনুপাতিক মিশ্রণে কংক্রীটের শক্তি বৃদ্ধি করে
- পয়সা বাঁচানোর নামে কোন ক্রমেই জ্বাপ এবং আভার সাইজের রড ব্যবহার ঠিক নয়
- বিম, ছাদ ইত্যাদি ঢালাই একবারেই করা উত্তম, বিশেষ ক্ষেত্রে ন্যূনতম সংখ্যক জোড়া ব্যবহার করা যেতে পারে
- ঢালাইয়ের চব্বিশ ঘন্টা পর হতে ছাদ কমপক্ষে একুশ দিন পর্যন্ত পানিতে ভিজিয়ে রাখা দরকার
- কংক্রীট বা ইট গাঁথার মশলা মিশানোর পর একঘন্টার মধ্যে ব্যবহার করা উচিত
- ছাদ, বিম, কলাম ইত্যাদিতে রডের প্রয়োজনীয় আবরণ (ক্লিয়ার কভার) নিশ্চিত করতে হবে
- আর্দ্রতা রোধক স্তর (ডিপিসি) মেঝের ঠিক উপরে কমপক্ষে তিন ইঞ্চি হওয়া দরকার
- নীচতলার মেঝের নীচে প্রকৃত বালু ও ইটের উপর পলিথিন শীট বিছিয়ে ঢালাই করা উচিত
- ভূগর্ভস্থ পানির ট্যাংক ওয়াটার টাইট করার জন্য কংক্রীটের হওয়া উচিত
- পানি সরবরাহ লাইনের সাথে সংগতি রেখে ভূগর্ভস্থ জলাধারে গভীরতা নির্ধারণ করা আবশ্যিক
- ভূগর্ভস্থ জলাধারের মুখ এমন উঁচু রাখা উচিত যাতে কোন প্রকার ময়লা ঢুকতে না পারে
- ভূগর্ভস্থ জলাধারের স্ল্যাব ও দেওয়ালের সংযোগ এমনভাবে করা উচিত যাতে পানি চৌয়াতে না পারে

- নিয়মিত পরিষ্কার করার জন্য ভূগর্ভস্থ জলাধারের তলায় স্লোপ সহকারে একটি অপেক্ষাকৃত নীচু গর্ত রাখা উচিত
- পানির ট্যাপ কখনো জোরে মোচড় দিয়ে বন্ধ করা উচিত নয়
- বাড়ীর ছাদে যথাযথ স্লোপ ও পানি নিষ্কাশন পাইপ থাকা দরকার যাতে দ্রুত পানি সরে যেতে পারে
- ছাদের পানি নির্গমন পাইপ নিয়মিত পরিষ্কার রাখতে হবে
- পানি সরবরাহ ও সেনিটারী লাইন চালু করার পূর্বে পানি ভর্তি করে লাইন পরীক্ষা করা উচিত
- ড্রেন বা তার মুখে এমন আবর্জনা ফেলা উচিত নয় যাতে ড্রেনের মুখ বন্ধ হয়ে যেতে পারে
- বাড়ীর আঙ্গিনার পানি নিষ্কাশনের যথাযথ ব্যবস্থা রাখা উচিত
- পায়খানার প্যানে কখনো অন্য ময়লা ফেলা উচিত না
- টয়লেটের অন্তত একটি পাশ বহিঃদেওয়াল হওয়া উচিত যাতে ভেন্টিলেশন সহজ হয়
- কংক্রিটের ছাদ দীর্ঘ দিন উন্মুক্ত না রেখে জলছাদ কিংবা অন্য কোন আস্তরণে ঢেকে দেওয়া উচিত
- গাথুনীর কাজে ইটের ফাঁকে ফাঁকে ভাল ভাবে সিমেন্ট বালুর মশলা ভরে দিতে হবে
- কংক্রিট, প্লাষ্টারের মশলা মিশ্রণে অতিরিক্ত পানি ব্যবহার ক্ষতিকর
- জলছাদে নিম্নমানের খোয়া ও উন্মুক্ত বাতাসে গুড়া হয়ে হাওয়া চুন ব্যবহার করা উচিত নয়
- চুনকামে প্রয়োজনীয় আঠা না দিলে রং এর স্থায়ীত্ব কমে যায়
- ভেজা দেওয়ালে রং দেওয়া উচিত নয়
- সদ্য রং করা ঘর কখনও আবদ্ধ রাখা ঠিক নয়
- ঘরের দেওয়াল বা ছাদ কোথাও ভিজে গেলে ভেজার কারণ দ্রুত নির্ণয় করে তার প্রতিকার করতে হবে
- প্লাষ্টারের পুরুত্ব নির্দিষ্ট মাপের চেয়ে বেশী হওয়া ঠিক নয় (সাধারণত কংক্রিটের গায়ে $\frac{1}{8}$ ইটের দেয়ালে $\frac{1}{2}$ ।
- স্নাবে কনসিস্ট গুয়ারিংয়ের পাইপ কোন ক্রমেই তলার রডের নিচে বসানো ঠিক নয়
- ভবনে টানা লিনটেল ব্যবহার করা উত্তম
- বাড়ী নির্মাণ কালে উই পোকা দমনের জন্য মাটিতে ঔষধ ব্যবহার করা উচিত
- বাড়ীর দেয়াল ও ছাদে আগাছা দেখা মাত্র নির্মূল করা উচিত


PRINCIPAL BRICK BOND PATTERNS




Running bond



Common bond



English bond



Flemish bond



Stack bond

MORTAR JOINT FINISHES



Concave



Vee



Raked



Flush



Struck




Weather

গণপূর্ত অধিদপ্তর কর্তৃক নির্মিত ও নির্মাণাধীন উল্লেখযোগ্য প্রকল্পসমূহ

- | | |
|--|---|
| <ul style="list-style-type: none"> ★ জাতীয় সংসদ ভবন ★ বাংলাদেশ সচিবালয় ★ রাষ্ট্রীয় অতিথি ভবন--করতোয়া ★ জাতীয় স্মৃতি সৌধ, সাতার ★ জাতীয় শহীদ মিনার ★ মুজিবনগর স্মৃতি সৌধ ★ শহীদ প্রেসিডেন্ট জিয়ার স্মৃতি সৌধ ★ ওসমানী মেমোরিয়াল হল ★ মেডিকেল কলেজ ও হাসপাতাল সমূহ ★ পি জি হাসপাতাল ★ সোহরাওয়ার্দী হাসপাতাল ★ শিশু হাসপাতাল ★ পদ্ম হাসপাতাল ★ বিশ্ববিদ্যালয় সমূহ ★ ইঞ্জিনিয়ারিং কলেজ ★ পলিটেকনিক ইন্সটিটিউট সমূহ ★ ডকেশনাল ইন্সটিটিউট ★ সেনা ছাউনী ★ মেরিন একাডেমী ★ পি এ টি সি, সাতার ★ আর পি এ টি সি ★ শফিপুর আনসার ক্যাম্প ★ সীমান্ত ফাঁড়ি ★ সাইক্লোন সেন্টার ★ নিউক্লিয়াস হাউজ ★ থানা সদর কমপ্লেক্স ★ থানা স্বাস্থ্য কমপ্লেক্স ★ ২৪ তলা কর্মচারী কল্যাণ তহবিল ভবন ★ ৭ তলা রেজিস্ট্রেশন রেকর্ড রুম, ঢাকা ★ ১০ তলা রেডিও বাংলাদেশ ভবন | <ul style="list-style-type: none"> ★ ১০ তলা পরিবহন পুল ভবন ★ ২০ তলা সচিবালয় ভবন ★ ৮ তলা জিওলোজিক্যাল সার্ভে ভবন ★ ৯ তলা ক্যান্সার ইনস্টিটিউট ও হাসপাতাল ★ ১৫ তলা বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ভবন ★ ২০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, ফরিদপুর ★ ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মাদারীপুর ★ ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, কিশোরগঞ্জ ★ ৪৪ টি জেলা সদর দপ্তর নির্মাণ প্রকল্প ★ ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া ★ বিচার পতিদের বাসভবন, ঢাকা ★ ডি ডি আই পি বাসভবন ★ ৫০০, ৮০০, ১০০, ১২৫০, ১৫০০ বর্গফুট বিশিষ্ট সরকারী কর্মচারীদের ফ্ল্যাট ★ বিভিন্ন জেলায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ★ বিভিন্ন জেলায় রেজিস্ট্রার ভবন ★ বিভিন্ন জেলায় পাবলিক লাইব্রেরী ★ বিভিন্ন জেলায় জেলা কারাগার ★ বিভিন্ন থানা বিভিৎ ★ মেট্রোপলিটন থানা বিভিৎ ★ জেলা/উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন ★ পুলিশ সদর দপ্তর, ঢাকা ★ এল, জি, ই, ডি সদর দপ্তর ★ সমাজ কল্যাণ কেন্দ্র, মতিঝিল, ঢাকা ★ কেন্দ্রীয় পরিবহণ পুল, ঢাকা ★ শিক্ষা প্রকল্পন ও উন্নয়ন গবেষণা ফাউন্ডেশন ★ বিভিন্ন জেলায় শিশুসদন ★ সঙ্গীত মহাবিদ্যালয়, শেরে বাংলা নগর |
|--|---|

UNIT AREA COST vs YEAR
PUBLIC WORKS DEPARTMENT



P.W.D. Schedule of Rates, July 1992
Table of Contents

		Page
J) Excavation of tank	----	1-1
K) Titas Gas connection work	----	1-5
L) Guideline for preparation of rough estimate of typical building complex	----	1-1
M) Plinth Area Rate of Building	----	1-4
N) Specification	----	1-18
O) Sample N.I.T. etc. for Soil Investigation	----	1-10

JICA